



দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।


www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারক নং ৪৭.৬২.৮৭.০০০০.৯৬৬.০০.৪০৪.১৩.০২৬

তারিখঃ ১৬/০৭/১৮খ্রিঃ

বিষয়ঃ খেলাপি ঋণ হাসকল্পে বিশেষ অভিযান পরিচালনা।

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পটি দারিদ্র্য বিমোচন ও নারীর ক্ষমতায়নে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত একটি অগ্রাধিকার প্রকল্প। প্রকল্পের সুফলভোগীদের মাঝে প্রশিক্ষণোত্তর ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অনলাইন সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে সার্বক্ষণিক তদারকি করা হয়। ইতোপূর্বে খেলাপি ঋণ আদায়ে সরকারি ছুটির দিনে কর্মকর্তা-কর্মচারীর সমন্বয়ে বিশেষ অভিযান পরিচালনার জন্য নির্দেশনা দেয়া হয়েছে। সাম্প্রতিক কালে কোন কোন উপজেলায় যথাযথভাবে বিশেষ অভিযান পরিচালনা করা হচ্ছে না মর্মে প্রতীয়মান হয়েছে; ফলে খেলাপি ঋণের পরিমাণ আশংকাজনক হারে বাড়ছে। এমতাবস্থায়, খেলাপি ঋণ আদায়কল্পে যথাযথভাবে বিশেষ অভিযান পরিচালনার জন্য পুনরায় বলা হলো। এছাড়া প্রকল্পের মাঠসংগঠকদের ব্যবহারের জন্য ইতোপূর্বে সরবারহকৃত বাংলালিংক সিম সক্রিয় রাখার জন্য বলা হলো। সিম ট্র্যাকিংএর মাধ্যমে বিষয়টি নিয়মিত মনিটরিং করা হবে। বিগত ৩০ জুন/১৮ খ্রিঃ প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগের মেয়াদ শেষ হওয়ায় চলমান কর্মসূচিতে কর্মকর্তা-কর্মচারীদের পুনর্বহাল করার ক্ষেত্রে তাদের সার্বিক কার্য সম্পাদন বিবেচনা করে যাচাই-বাছাই কার্যক্রম চলমান রয়েছে। যে সকল কর্মকর্তা/কর্মচারীর সার্বিক কার্যক্রম সন্তোষজনক হবে না তাদেরকে কর্মসূচিতে পুনর্বহাল করা হবে না মর্মে সতর্ক করা হলো।


প্রকৌশলী মোহাম্মদ মোহাম্মদ আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
০২-৮১৮০১৪৪

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলাঃ..... (সকল)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. উপপ্রকল্প পরিচালক(ইরেসপো), বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি (প্রকল্পভূক্ত সকল জেলা)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো (সকল)।
৬. হিসাব সহকারী/মাঠ সংগঠক, ইরেসপো (সকল)।
৭. অফিস নথি/ গার্ড ফাইল।